দৈনিক বাংলা

তারিখ ... 20.1.80 ...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...



# গজারিয়া খাল পুনঃখননের কাজ উদ্বোধন

তরাঘাট (মানিকগঞ্জ) ১৭ই জানুয়ারী (এনা)।—দশ হাজার ফুট দীর্ঘ গজারিয়া খাল পুনঃখননের কাজ স্থানীয় সরকার মন্ত্রী ক্যাপ্টেন (অবঃ) আবদুল হালিম চৌধুরী এখানে আজ সকালে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।

খাল পুনঃখনন হলে কালীগঙ্গা এবং ধলেশ্বরী নদীর সাথে যোগাযোগ সাধন হবে। এর ফলে কিছু কিছু এলাকায় সারা বছর পানি থাকবে।

খালটি পুনঃখনন হলে চলতি বছর ২২৫ একর জমিতে সেচ সুবিধা হবে। ভবিষ্যতে প্রায় দু হাজার একর জমিতে সেচ সুবিধা হবে।

খালটি পুনঃখননের জন্য কয়েক হাজার স্বেচ্ছাসেবী সমবেত হন। ক্যাপ্টেন হালিম বলেন খালটি খনন হলে এলাকার লোকজন নয়া জীবন ফিরে পাবে। তিনি বলেন এর ফলে এলাকার ধান উৎপাদন দ্বিগুণ হবে। এবং এলাকায় মাছ চাষ করা সম্ভব হবে।